

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯০২
সোনামুড়া, ২০ ফেব্রুয়ারি, ২০২৪

**সোনামুড়ার শ্রীমন্তপুরে অভ্যন্তরীণ জলপথ পরিবহণ টার্মিনালের উদ্বোধন
ভারত-বাংলাদেশের মধ্যে বাণিজ্যিক ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে : মুখ্যমন্ত্রী**

কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল আজ গুয়াহাটিতে ভার্সুয়ালি সোনামুড়ার শ্রীমন্তপুরে অভ্যন্তরীণ জলপথ পরিবহণ টার্মিনালের উদ্বোধন করেন। এ উপলক্ষে সোনামুড়ার শ্রীমন্তপুরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিবহণ মন্ত্রী সুশান্ত চৌধুরী, পরিবহণ দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ভিডিও বার্তায় বলেন, অভ্যন্তরীণ জলপথ পরিবহণ টার্মিনালের উদ্বোধনের ফলে ভারত-বাংলাদেশের মধ্যে বাণিজ্যিক ও অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে। দুই দেশের জনগণের মধ্যে মৈত্রীর সম্পর্ককে সুদৃঢ় করবে। ভিডিও বার্তায় মুখ্যমন্ত্রী আরও বলেন, জলপথে ভারত-বাংলাদেশের মধ্যে পণ্য আমদানী-রপ্তানীর পথ সুগম হবে। জলপথে শুধু পণ্য আমদানি-রপ্তানি নয় পর্যটকদেরও যাতায়াত বৃদ্ধি পাবে। জলপথ পরিবহণের মধ্য দিয়ে কর্মসংস্থানেরও সৃষ্টি হবে।

অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর-পূর্বাঞ্চলের দ্রুত উন্নতি হচ্ছে। ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলকে সড়ক, বিমান, রেল ও জলপথে দেশের বিভিন্ন রাজ্য এবং বিদেশের সাথে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গুরুত্ব দেওয়া হচ্ছে। উন্নত যোগাযোগ ব্যবস্থা স্থাপনের মধ্য দিয়ে রাজ্যকে উন্নয়নের পথে নিয়ে যাওয়া হচ্ছে। তিনি বলেন, রাজ্যের উন্নয়নের জন্য এখন আন্দোলন করতে হয় না। বর্তমান সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনের লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। উল্লেখ্য, শ্রীমন্তপুরে অভ্যন্তরীণ জলপথ পরিবহণ টার্মিনাল নির্মাণে ব্যয় হয়েছে ৬ কোটি ৯০ লক্ষ ৮৮ হাজার টাকা।
